

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৪/২০১৩

তারিখঃ ১১/০৩/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

২৭ ফাল্গুন, ১৪১৯ বাংলা।

গত ২৭/০২/২০১৩ তারিখ জয়েন্ট কমিশনার (জেটি) অব কাস্টমসের দপ্তরে অনুষ্ঠিত মেগাপোর্ট ইনিশিয়েটিভ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী, স্মারক নং-৩৩/জেসি/জেটি/বিবিধ/১২-১৩, তারিখ-৫/৩/১৩ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়েন্ট কমিশনার (জেটি) এর কার্যালয়
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৩৩/জেসি/জেটি/বিবিধ/১২-১৩

তারিখ-

২৭.২.২০১৩ তারিখ জয়েন্ট কমিশনার (জেটি) অব কাস্টমসের দপ্তরে মেগাপোর্ট ইনিশিয়েটিভ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে রয়েছে।

২। চট্টগ্রাম বন্দর দিয়ে রপ্তানিমুখী পণ্য চালানোর কন্টেইনারসমূহে ক্ষতিকারক রেডিওএকটিভ ম্যাটারিয়াল পরিবাহিত হচ্ছে কিনা তা পরীক্ষা করার জন্য চট্টগ্রাম বন্দরের গেইট সমূহে মেগাপোর্ট ইনিশিয়েটিভ কার্যক্রমের আওতায় Radiation Portal Monitor (RPM) স্থাপন করা হয়েছে। Central Alarm Station (CAS) সহ সার্বিক সিস্টেমটি কার্যকর করার লক্ষ্যে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- বন্দরের গেট নং-৪, গেট নং-সিসিটি-২ ও সিপিএআর গেট সমূহ দিয়ে রপ্তানীয় কন্টেইনারসমূহ পরিবাহিত হলেও প্রাথমিকভাবে সিপিএআর গেইটকে উক্ত কর্মসূচী বাস্তবায়নের পাইলট কার্যক্রম হিসেবে গ্রহণ করা হলো। পরবর্তীতে অন্যান্য গেইটে উক্ত কার্যক্রম পরিচালিত হবে।
- আগামী ১৫.০৩.২০১৩ তারিখ হতে সিপিএআর গেইট দিয়ে রপ্তানীয় সকল কন্টেইনার RPM এর ভিতর দিয়ে চলাচল কার্যক্রম প্রাথমিকভাবে চালু করা হবে। উক্ত সময়সীমার মধ্যে চট্টগ্রাম কাস্টমস্ সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন এবং বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন তাদের সকল সদস্যকে বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করণ নিশ্চিত করবে।
- চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা ও ট্রাফিক বিভাগের জনবল আপাতত সিপিএআর গেইটের RPM সংশ্লিষ্ট লেনসমূহ দিয়ে রপ্তানীয় পণ্যবাহী কন্টেইনারসমূহের যাতায়াত নিশ্চিত করবেন।
- যে সকল কন্টেইনারে এলার্ম বেজে উঠবে তা CAS Operator-দের নির্দেশনা অনুযায়ী (Through Walkie Talkie) উক্ত কন্টেইনারটি Secondary Inspection এর জন্য ট্রাফিক বিভাগের জনবল স্কট করে Secondary Inspection এর নির্ধারিত স্থানে নিয়ে আসবেন।
- CAS Operator-গণ সংশ্লিষ্ট কন্টেইনার Secondary Inspection এর পর প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৩। মেগাপোর্ট ইনিশিয়েটিভ কার্যক্রম বাস্তবায়নে কোনরূপ অসুবিধার উদ্ভব হলে তাৎক্ষণিক জনাব মোঃ রাকিবুল হাসান, এসিসট্যান্ট কমিশনার (প্রশাসন) অব কাস্টমস (মোবাইলঃ ০১৭১১৫৩৫৯০১) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।

৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উক্ত কর্মসূচী বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ-
(মোহাম্মদ মাহমুদুল হাসান)
জয়েন্ট কমিশনার (জেটি)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৩৩/জেসি/জেটি/বিবিধ/১২-১৩/৭৭(৯) কাস

তারিখ- ০৫/৩/১৩

পৃষ্ঠা নং- ২৫